গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৪৪.১৯/

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

## আদেশ

যেহেতু, আপনি জনাব রফিকুল ইসলাম, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন) কর্তৃক বিলম্বে অফিসে উপস্থিত হওয়া, দাপ্তরিক গুরুত্বপূর্ণ নথিসমূহের নোটশীটসহ সংবেদনশীল পত্রের ছবি মোবাইলে ধারণ করে তা বিভিন্ন ব্যক্তির নিকট টাকার বিনিময়ে সরবরাহ করা এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১৭/০২/২০২০ তারিখের ০৮.০১.০০০০.০১.০৭.১০১.১৬.১২৮ নং অফিস আদেশমূলে আপনাকে দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২) শাখায় বদলি করা হলেও বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্য করার অভিযোগ করেছেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এবং ৩(ঘ) অনুযায়ী অসদাচরণ এবং দুর্নীতির অভিযোগে অভিযুক্ত হওয়ায় উক্ত বিধিমালার বিধি-১২ অনুযায়ী আপনাকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং একই বিধিমালার বিধি ৩(খ) এবং ৩(ঘ) অনুযায়ী "অসদাচরণ" এবং "দুর্নীতির" দায়ে অভিযোগ গঠনপূর্বক বিভাগীয় মামলা নং-০৩/২০২১ রুজু করতঃ কেন আপনাকে গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু আপনি জনাব রফিকুল ইসলাম কারণ দর্শানো নোটিশের জবাবে শুনানী প্রার্থনা করেন এবং ব্যক্তিগত শুনানীতে শাস্তি প্রদানের বিপক্ষে কোনো গ্রহনযোগ্য যুক্তি প্রদর্শন করতে পারেননি;

যেহেতু আপনি জনাব রফিকুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নিয়োজিত তদন্ত কর্মকর্তা কর্তৃক আপনার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগ সাক্ষ্য ও প্রমাণকের ভিত্তিতে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন;

যেহেতু আপনি জনাব রফিকুল ইসলামকে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) অনুযায়ী দোষী সাব্যস্ত করত: কেন আপনাকে গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু আপনি জনাব রফিকুল ইসলাম, উক্ত ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি।

০২। সেহেতু আপনি জনাব রফিকুল ইসলাম, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক ০৬/১২/২০২২ খ্রিস্টাব্দ তারিখ থেকে চাকুরী হতে অপসারণ (Removal from Service) করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ-
(মোঃ গাউছুল আজম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

জনাব রফিকুল ইসলাম
অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্থায়ী ঠিকানা:
গ্রাম: রসুলপুর, ডাকঘর: পয়ালী বাজার
থানা: মতলব (দঃ), জেলা: চাঁদপুর।

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৭.৩৪৪.১৯/ ৯৪২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে আদেশটি প্রকাশের অনুরোধসহ)।
৫. প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়াম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৯. দ্বিতীয় সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি/গার্ড ফাইল।

06/12/2022

(মোঃ গাউছুল আজম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।